

দাতা-গ্রহীতা মেলানো

ভূমিকা: আপনি কি জানেন যে, কারো একবার দান করা রক্তে তিনজন পর্যন্ত মানুষের জীবন বাঁচতে পারে? দান করা রক্ত বিভিন্ন রোগের চিকিৎসার জন্য এবং অস্ত্রোপচারের সময় ব্যবহার করা যায়। রক্তের ৪টি গ্রুপ আছে: O, A, B ও AB, আর সেগুলোর আবার '+' এবং '-' আছে। রক্তের গ্রহণযোগ্যতার চার্টটি দেখে বোঝা যাবে কে কোন ধরনের রক্ত গ্রহণ করতে পারবে।

স্বাস্থ্য-সংক্রান্ত কার্যক্রম

সময়

১৫ মিনিট

জটিলতা

সহজ

সরঞ্জাম

কাগজ, কলম, মার্কার

ধাপ ১

- পুরো ক্লাসকে দুটি গ্রুপে ভাগ করুন: গ্রহীতা ও দাতা।

ধাপ ২

- সমান সংখ্যক রক্তের গ্রুপের কার্ডের দুটি সেট তৈরি করুন (ক্লাসের সবার জন্য যেন যথেষ্ট হয়)।

ধাপ ৩

- একসাথে পর্যালোচনা করার জন্য ক্লাসের সামনে রক্তের গ্রহণযোগ্যতার চার্টটি আঁকুন।

ধাপ ৪

- গ্রহীতা ও দাতাদের প্রত্যেককে তাদের নিজস্ব রক্তের গ্রুপের কার্ড দিন।

ধাপ ৫

- গ্রহীতাদের প্রত্যেককে বলুন চার্টটি দেখে তারা কে কোন কোন গ্রুপের রক্ত গ্রহণ করতে পারবে তা বুঝে নিয়ে তারপর বসে তাদের কার্ড লুকিয়ে রাখতে।

ধাপ ৬

- ২ মিনিটের জন্য টাইমার সেট করুন। দাতারা গ্রহীতাদের কাছে গিয়ে গিয়ে তাদের কার্ড দেখাবে এবং গ্রহীতারা সেই গ্রুপের রক্ত গ্রহণ করতে পারলে সম্মতি জানাবে। এভাবে দাতারা দ্রুত তাদের জন্য উপযুক্ত গ্রহীতা খুঁজে বের করবে।



দাতা-গ্রহীতা মেলানো

রক্তের গ্রহণযোগ্যতার চার্ট									
		দাতা							
গ্রুপ		O+	O-	A+	A-	B+	B-	AB+	AB-
গ্রহীতা	O+	🩸	🩸						
	O-		🩸						
	A+	🩸	🩸	🩸	🩸				
	A-		🩸		🩸				
	B+	🩸	🩸			🩸	🩸		
	B-		🩸				🩸		
	AB+	🩸	🩸	🩸	🩸	🩸	🩸	🩸	🩸
	AB-		🩸		🩸		🩸		🩸

